

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো  
ন্যাশনাল একাউন্টিং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য) উইং  
পরিসংখ্যান ভবন (৫ম তলা)  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

১৬ ভাদ্র ১৪২৮ ব.

স্মারক নং-৫২.০১.০০০০.৭০১.০১.০০১.২০- ২২০


তারিখ: -----

৩১ আগস্ট, ২০২১ খ্রি।

বিষয়: ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে বিবিএস-এর ই-নথির ব্যবহার বৃদ্ধি ও এ সংক্রান্ত অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ইনোডেশন টিম বরাবর প্রেরণ প্রসংগে।

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন সংহতকরণে জনপ্রশাসনে ই-গভর্ন্যান্স ও উন্নাবন চর্চার গুরুত্ব অপরিসীম। বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱোর সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা গ্রহণ/বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেইলক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে বিবিএস-এর জন্য ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উল্লেখিত কর্মপরিকল্পনার ১.৫ কার্যক্রমে ই-নথির ব্যবহার বৃদ্ধি এবং কর্মসম্পাদন সূচক ১.৪.১ এ ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত বিষয়টির উল্লেখ রয়েছে। এছাড়া, ‘ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা ২০২১-২২’ সফল বাস্তবায়নের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর নম্বর অর্জনের যোগসূত্র রয়েছে। উল্লেখ্য, বৃপকল্প টুয়েন্টি টুয়েন্টি ওয়ান বা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মন্ত্রিপরিষদ বিভাগ ‘এ টু আই’ প্রোগ্রামের সহযোগিতায় সরকারের সকল দপ্তরে ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করছে। ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ই-নথির ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বর্ণিতাবস্থায়, ই-গভর্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে বিবিএস এর সকল উইং-এ ই-নথির ব্যবহার বৃদ্ধি ও এ সংক্রান্ত অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ইনোডেশন টিম বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ তাজুল ইসলাম  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোন নং-৫৫০০৭০৫৬

পরিচালক (সকল)  
বিবিএস

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)